



যুদ্ধের প্রভাব মোকাবিলায় প্রস্তুতির আহ্বান কাতারের আমিরের



আমির শেখ তামিম বিন হামাদ আল থানি। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধের প্রভাবে নজিরবিহীন পরিস্থিতির মুখে পড়েছে কাতার। এ অবস্থায় সবচেয়ে খারাপ পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন দেশটির আমির শেখ তামিম বিন হামাদ আল থানি।

মঙ্গলবার (১৩ অক্টোবর) দোহায় শুরা কাউন্সিলের অধিবেশনে তিনি বলেন, আঞ্চলিক সংকটের মধ্যেও কাতারের রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো ঐক্যবদ্ধ রয়েছে। জরুরি সেবা ও উন্নয়ন কার্যক্রমও অব্যাহত আছে। দেশটির অর্থনীতিতে তেল-গ্যাসবহির্ভূত খাতের অবদান প্রায় ৮০ শতাংশে পৌঁছেছে।

আমির বলেন, ইরানের হামলা কাতারের সার্বভৌমত্ব ও আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেছে। তবে বিরোধ নিষ্পত্তিতে কূটনীতিই কাতারের পছন্দ। উপসাগরীয় দেশগুলোর নিরাপত্তা এবং হরমুজ প্রণালিতে নৌচলাচল সুরক্ষার ওপরও গুরুত্ব দেন তিনি।

ফিলিস্তিন প্রসঙ্গে গাজায় হত্যাকাণ্ডের জন্য দায়ীদের জবাবদিহি নিশ্চিত করার আহ্বান জানান কাতারের আমির। পশ্চিম তীরে ফিলিস্তিনিদের ওপর হামলা এবং আল-আকসা মসজিদে অভিযানের বিষয়েও উদ্বেগ প্রকাশ করেন তিনি।

আলজাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, কাতারের জালানি স্থাপনায় হামলা দেশটির অর্থনীতি ও উৎপাদন সক্ষমতায় প্রভাব ফেলেছে। এ পরিস্থিতিতে তেল-গ্যাসের বাইরের শিল্প খাতের দিকে আরও মনোযোগ দেওয়ার ইঙ্গিত দিয়েছেন আমির।